

২০০৯

বাংলা

পাঠপরিচয় — ১

পাঠমালা — ৩

COURSE No. — BL - 1103

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

- ১। বাংলা ভাষা ও সাহিত্যের আদি নিদর্শন হিসেবে চর্যাপদ গ্রহণযোগ্য কিনা বিচার করো। ১০

অথবা

ভেদভেদপাদ রচিত তোমাদের পাঠ্য চর্যাপদটির সূত্রে চর্যাকারের তত্ত্বজ্ঞান ও সমাজচৈতন্যের পরিচয় দাও।

- ২। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের বাণশব্দের উপযোগিতা বিশ্লেষণ করো।

১০

অথবা

‘রাধা বিরহে’ রাধিকার কৃষ্ণ-আর্তি লৌকিকের পথ বেয়ে অলৌকিক মহিমা অর্জন করেছে — বুঝিয়ে দাও।

- ৩। ‘মাথুর’ পর্যায়ে শ্রেষ্ঠ কবি কে? এই পর্যায়ে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্ণয় সূত্রে তোমাদের পাঠ্য পদটির কাব্য সৌন্দর্য-বিশ্লেষণ করো।

১০

অথবা

মাধবেন্দ্রপুরীর নামাঙ্কিত হলেও ‘সাজল ধনী চন্দ্রবদনী’ পদটি আসলে উত্তর চৈতন্যকালের কোনো কবির রচনা — এই অনুমান কতদূর যুক্তিগ্রাহ্য বিচার করো।

- ৪। রামানন্দের সঙ্গে সাক্ষাৎকার চৈতন্যদেবের পক্ষে কতটা দরকারী ছিল তা ‘শ্রীচৈতন্য চরিতামৃত’-র ‘মধ্যলীলা’-র অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে বিশ্লেষণ করে দেখাও।

১০

অথবা

নিম্নোক্ত যে কোনো দুটি বিষয়ে টীকা রচনা
করো : ৫ + ৫

(ক) গৌরতত্ত্ব

(খ) সাধ্য সাধন তত্ত্ব

(গ) মধুর রসের শ্রেষ্ঠত্ব

(ঘ) সখী সাধনা ।
